# Sanatan Dharma

---

**গুরু ত্যাগ করলে**

গুরুত্যাগাদ্ ভবেন্মৃত্যু মন্ত্রত্যাগাদ্দরিদ্রতা ।
গুরু-মন্ত্রপরিত্যাগাদ্ রৌরবং নরকং ব্রজেৎ ।।
(মেরুতন্ত্র কুলার্ণবতন্ত্র)

গুরু ত্যাগ করলে মৃত্যু হয়,মন্ত্র ত্যাগ করলে দরিদ্রতা হয় । গুরু ও মন্ত্র ত্যাগ করলে 'রৌরবং নরকং ব্রজেৎ' রৌরব নরকে গমন করে ।

প্রতিপদ্য গুরুং যস্তু মোহাদ্ বিপ্রতিপদ্যতে ।
যুগকোটি স নরকে পচ্যতে পুরুষাধমঃ ।।
(বরাহপুরাণ)

যে ব্যক্তি গুরুবরণ করিয়া মোহবশে তাঁহাকে ত্যাগ করে সেই পুরুষাধম কোটিযুগ পর্য্যন্ত নরক ভোগ করে ।

***********************************************************
*****************************************************

যে ব্যক্তি ঈশ্বর নির্ধারিত গুরুর দেওয়া জ্ঞান এবং উপদেশ এর মাধ্যমে শিক্ষা গ্রহণ করতে পারে না বা গ্রহণ করে না বা শিক্ষা গ্রহণে অবহেলা করে বা শিক্ষা গ্রহণের নামে অভিনয় করে বা গুরুকে সন্দেহ / রাগ / অভিমান করে সে এই জীবনে কোনো কারণেই আত্মজ্ঞান বা ঈশ্বরকে প্রাপ্ত হতে পারবে না। তার অন্য জন্মে এমন আরও একটি সুযোগ পাওয়ার আগে তাকে বেশ কয়েকটি জন্ম অন্তত বহু বাধা-বিঘ্ন-দুঃখ নিয়ে কাটাতে হবে ।
তাই ইহ জীবনে 1 সেকেন্ডও সময় নষ্ট না করে দৃঢ় ভাবে বৈদিক অনুশাসন ও গুরুর দেওয়া জ্ঞান এবং উপদেশকে পূর্ণ আন্তরিকতার সঙ্গে গ্রহণ করা উচিত যাতে এই জন্মেই -এই দেহেই আত্মজ্ঞান বা ঈশ্বর প্রাপ্তি ঘটে।